

হাজী দানেশ বিশ্ববিদ্যালয় শিবিরের আতঙ্কে হল ছেড়ে গেছেন শিক্ষার্থীরা

দিনাজপুর অফিস •

শীতকালীন ছুটি শুরু হওয়ার দুই দিন আগেই গতকাল শুক্রবার নিরাপত্তার অভাবে দিনাজপুরের হাজী দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা হল ছেড়ে চলে গেছেন। বিকেলে ১৬ জন ছাত্রমাত্র শিবিরের বহিরাগত ক্যাম্পাসে উপাচার্যকে এক ঘণ্টার বেশি সময় অবরুদ্ধ করে রাখেন।

বিশ্ববিদ্যালয়ের ছাত্র-পরামর্শবিষয়ক পরিচালক শাহাদাৎ হোসেন খান বলেন, ১৬ ডিসেম্বর থেকে শীতকালীন ছুটি শুরু হবে। কিন্তু নিরাপত্তার অভাবে শিক্ষার্থীরা সকাল থেকে যে যার যতো করে ক্যাম্পাস ত্যাগ করেছেন।

শিক্ষার্থীরা জানান, বহিরাগত জামায়াত-শিবিরের সশস্ত্র ক্যাডাররা একাধিকবার বিশ্ববিদ্যালয়ে প্রবেশের চেষ্টা করেছে। ছাত্র-জনতা মিলে তা ঠেকানো হয়েছে। কিন্তু পুলিশ-বিভিবি বা প্রশাসন বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তা বিধানে ক্রমাগতভাবে ব্যর্থতার পরিচয় দিয়েছে।

বিশ্ববিদ্যালয়ের প্রচীর অধ্যাপক মো. হারুন-অর-রশিদ জানান, বিকেল পাঁচটার দিকে জামায়াত-শিবিরের বহিরাগত প্রায় ৫০ থেকে ৬০ জন ক্যাডার ক্যাম্পাসে প্রবেশ করে ভাঙচুরের চেষ্টা করলে পুলিশ, আনসার ও শিক্ষক-কর্মচারীরা প্রতিরোধ গড়ে তোলেন। পরে তারা বিশ্ববিদ্যালয়ের বাইরে দুই ফটকে অবস্থান নেয়। ফলে উপাচার্য অধ্যাপক মো. রুফুল আমিনসহ বেশ কয়েকজন শিক্ষক কর্মকর্তা অবরুদ্ধ হয়ে পড়েন।